# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : হিসাব বিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড : ২৫৪

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। 'ক' বিভাগ হতে দুইটি এবং 'খ' বিভাগ হতে যে কোন চারটি নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১. নির্ঝর কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা করে ১০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো–

**নির্ঝর কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১শে ডিসেম্বর, ২০১৫ইং

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮,৫০০ শেয়ার) | | ৮৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৭,৫০০ | ১২,৫০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৩,৮০০ |
| অগ্রিম ব্যয় | ১০,০০০ | |
| সংরক্ষিত আয় (০১.০১.২০১৫) | | ৪১,০০০ |
| লভ্যাংশ প্রদান | ১৫,০০০ | |
| বিমা সেলামি | ৬,০০০ | |
| পণ্য ফেরত | ৩,৮০০ | |
| অনাদায়ী পাওনা | ১,৫০০ | |
| ভাড়া | ৩,৫০০ | |
| বেতন | ১৫,০০০ | |
| মজুরি | ৫,০০০ | |
| যন্ত্রপাতি | ৫৫,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৭৫,০০০ | ১,৪০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১৫,০০০ | |
| | ২,৮২,৩০০ | ২,৮২,৩০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৩৫,৭৫০ টাকা। ২. মজুরি বকেয়া ৭০০ টাকা এবং ভাড়া বকেয়া আছে ১,২০০ টাকা। ৩. প্রাপ্য হিসাবে উপর ১০% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে। ৪. ভূমি ও দালান কোঠার উপর ৫% এবং যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য কর। ৫. সঞ্চিতি তহবিলে ৭,০০০ টাকা স্থানান্তর করতে হবে। ৬. কোম্পানির সিদ্ধান্ত মোতাবেক শেয়ার প্রতি ২ টাকা হারে লভ্যাংশ প্রদান করতে হবে।

ক. কোম্পানির মোট মুনাফা নির্ণয় কর। ২
খ. নিট মুনাফা ৫০,৫০০ টাকা ধরে মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪
গ. উক্ত তারিখে কোম্পানির মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

২. টিউলিপ লি. এর ডিসেম্বর ৩১, ২০১৫ তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

Teachingbd.com

রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০১৫ইং

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৩,৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| অফিস সরঞ্জাম | ২,১০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৩০,০০০ | |
| প্রাথমিক ব্যয় | ২৫,০০০ | |
| প্রাপ্য নোট | ৫৫,০০০ | |
| সংরক্ষিত আয় (০১.০১.২০১৫) | | ৮০,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৩,০০০ |
| অফিস সরঞ্জাম বিক্রয় জনিত লাভ | | ১০,০০০ |
| উৎসব ভাতা | ২৪,০০০ | |
| বিলম্বে পণ্য সরবরাহের ক্ষতিপূরণ | ৭,০০০ | |
| অনাদায়ী পাওনা খরচ | ১,৫০০ | |
| যোগাযোগ খরচ | ৭,৫০০ | |
| ডেলিভারি খরচ | ৩০,০০০ | |
| নমুনা পণ্যের মূল্য | ২৮,০০০ | |
| | ৫,১৮,০০০ | ৫,১৮,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. অবিক্রীত মজুদ পণ্যের পরিমাণ ১,১০,০০০ টাকা। ২. বিক্রয় অথবা ফেরত শর্তে প্রেরিত ১৫,০০০ টাকা মূল্যের পণ্য বিক্রয়ের অন্তর্ভুক্ত আছে যা বিক্রয়ের নিশ্চয়তা পাওনা যায় নি। উক্ত পণ্যের ক্রয়মূল্যের উপর ২০% লাভে বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছিল। ৩. মোট অনাদায়ী পাওনা ৪,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,২০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে।

ক. বিক্রয় অথবা ফেরত শর্তে প্রেরিত পণ্যের ক্রয়মূল্য নির্ণয় কর। ২

খ. মোট লাভ ১,১০,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ডিসেম্বর ৩১,২০১৫ তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

## খ বিভাগ

৩. কে ডি এম লিমিটেড এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা। যা প্রতিটি ৫০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ১০% অবহারে (বাট্টায়) বাজারে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চাইতে ২৫% অধিক আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের সম্পূর্ণ টাকা ফেরত দেওয়া হল। কোম্পানি ব্যাংক চার্জ বাবদ ১০,০০০ টাকা এবং অবলেখকের কমিশন বাবদ ২০,০০০ টাকা পরিশোধ করে।

ক. বাজারে ইস্যুকৃত ও প্রাপ্ত আবেদনের শেয়ার সংখ্যা কত? ২

খ. কোম্পানির হিসাব-বহিতে জাবেদা লিখন দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

Teachingbd.com

৪. A, B, C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ লোকসান $\frac{২}{৫}:\frac{২}{৫}:\frac{১}{৫}$ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৪ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ২,৫০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের উপর ৫% হারে সুদ বাট্টা করতে হবে। C সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসায় থেকে প্রত্যেক মাসে ২,৫০০ টাকা হারে বেতন পাবে। C ব্যবসায় ০১.০৪.২০১৪ তারিখে ৪০,০০০ টাকা ঋণ সরবরাহ করে। অংশীদারগণ প্রত্যেক কারবার থেকে প্রতি মাসের শেষ তারিখে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। উপর্যুক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভের পরিমাণ দাড়ায় ২,২০,০০০ টাকায় উপনীত হয়।

ক. সুদ নির্ণয় করে C এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. A এবং C এর মূলধন হিসাব তৈরি কর। ৪

৫. ২০১৪ সালে ৩১ ডিসেম্বর তারিখের মানতাশা লিমিটেডের আর্থিক বিবরণী নিম্নরূপ :

**মানতাশা লি.**

আর্থিক অবস্থার বিবরণী

৩১ ডিসেম্বর ২০১৪

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১৮,০০,০০০ | আসবাবপত্র | ১০,০০,০০০ |
| রক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৪,৫০,০০০ | যন্ত্রপাতি | ১২,৫০,০০ |
| ১০% ঋণপত্র | ৪,৫০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ২,৫০,০০০ |
| পাওনাদার | ২,৩০,০০০ | দেনাদার | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪৫,০০০ | প্রাপ্য বিল | ১,০০,০০০ |
| প্রদেয় নোট | ২৫,০০০ | নগদ তহবিল | ৩,০০,০০০ |
| মোট | ৩০,০০,০০০ | মোট | ৩০,০০,০০০ |

বিক্রয় ৪০,০০,০০০ টাকা মোট লাভ বিক্রয়ের ২৫%। প্রারম্ভিক মজুদ ২,০০,০০০ টাকা।

ক. চলতি মূলধন নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও অগ্নি পরীক্ষা অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত ও আইন অনুপাত নির্ণয় কর। ৪

৬. পপকর্ণ ক্লাবের ৩১ ডিসেম্বর ২০১৪ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব দেওয়া হলো :

**পপকর্ণ ক্লাব**

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর ২০১৪

| প্রাপ্তিসমূহ | | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|---|
| ব্যালেন্স বি/ডি | | ১৫,০০০ | বেতন (৩/৪ অংশ) | ৬,০০০ |
| চাঁদা ২০১৩- | ৮০০ | | ভাড়া (১০ মাস) | ৮,০০০ |
| ২০১৪- | ২০,০০০ | | পৌরকর | ৬০০ |

http://teachingbd.com

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ২০১৫- ৯০০ | ২১,৭০০ | দানখয়রাত | ২,৫০০ |
| অনুদান | ৫,০০০ | ৮% সিকিউরিটি ক্রয় | ২০,০০০ |
| টিকিট বিক্রয় | ১০,০০০ | বিদ্যুৎ খরচ | ১,৫০০ |
| পুরাতন কাগজ বিক্রয় | ৫০০ | ব্যালেন্স সি/ডি | ১৩,৬০০ |
| মোট | ৫২,২০০ | মোট | ৫২,২০০ |

**অন্যান্য তথ্যাবলি:** ১. ক্লাবের মোট সদস্য ৫০০ জন যারা প্রত্যেকে বাৎসরিক চাঁদা দেয় ৫০ টাকা করে। ২. বাৎসরিক পৌর কর ৬০০ টাকা যা প্রত্যেক বছর পরবর্তী বছরের ৩১ মার্চ পর্যন্ত পরিশোধ করা যায়। ৩. দালানের মূল্য ৫০,০০০ টাকা; আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং প্রদেয় হিসাবের পরিমাণ ২০,০০০ টাকা উদ্বৃত্ত ছিল ০১/০১/২০১৪ তারিখে। ৪. সিকিউরিটির উপর ৬ মাসের সুদ বকেয়া আছে।

ক. মোট বেতন ও প্রদেয় ভাড়ার পরিমাণ নির্ণয় কর। ২
খ. পপকর্ণ ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর। ৪
গ. বছর শেষে পপকর্ণ ক্লাবের মোট সম্পদের পরিমাণ দেখাও। ৪

৭. নুহা ম্যানুফ্যাকচারিং কোম্পানি এর ২০১৪ সালের ডিসেম্বর মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যু সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০১৪ইং
ডিসে. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২৫০ একক @ টাকা ৬.০০
" ৫ ক্রয় ১২০ একক @ টাকা ৬.৫০
" ৮ ইস্যু ২৮০ একক
" ১০ ইস্যু ৩০ একক
" ১৫ ক্রয় ১৮০ একক @ টাকা ৭.০০
" ১৮ ইস্যু ১৫০ একক
" ২০ ক্রয় ২৫০ একক @ টাকা ৭.৫০
" ২৯ ইস্যু ১৮০ একক
" ৩১ কারখানা হতে ফেরত ২০ একক

গুদামরক্ষা ২৬ তারিখে ৩০ একক মাল ঘাটতি পেয়েছেন।

ক. ডিসেম্বর মাসের মোট ক্রয়কৃত মালের পরিমাণ (একক+টাকা) নির্ণয় কর। ২
খ. ১, ৫, ৮, ২০ ও ২৯ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ১, ৫, ১৫, ১৮ ও ২০ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৮. সায়মা এন্ড কোং একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির ২০১৪ সালের তথ্যগুলো নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| মজুদ (০১.০১.২০১৪) | |
| কাঁচামাল | ১৫,০০০ |
| চলতি কার্য | ১৪,৪০০ |
| সমাপ্ত পণ্য | ২৫,০০০ |

Teachingbd.com

| বিবরণ | টাকা |
|---|---|
| মজুদ (৩১.১২.২০১৪) | |
| কাঁচামাল | ১০,০০০ |
| চলতি কার্য | ১২,০০০ |
| সমাপ্ত পণ্য | ১৫,০০০ |
| কারখানা বিদ্যুৎ খরচ | ৫,০০০ |
| কারখানা ভাড়া | ৮,০০০ |
| প্রত্যক্ষ খরচ | ৪,০০০ |
| পরোক্ষ শ্রম | ৮,৫০০ |
| কারখানার বিবিধ খরচ | ৯,০০০ |
| প্রশাসনিক খরচ | ২০,৬০০ |
| বিক্রয় খরচ | ৩০,৮০০ |
| কাঁচামাল ক্রয় | ৭২,০০০ |

**প্রত্যক্ষ মজুরি:** ১৫,০০০ কার্যঘণ্টা প্রতিঘণ্টা ২ টাকা করে। মুনাফা বিক্রয়ের উপর ২০%।

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয় নির্ণয় কর। (আমেরিকান পদ্ধতিতে) ৪

গ. উপরের 'খ' অংশে নির্ণিত ব্যয় এর ভিত্তিতে বিক্রয়মূল্য নির্ণয় কর। ৪

**৯.** নিম্নের তথ্যাবলি নিশি কোং লি.-এর হিসাব বই হতে লেখা হয়েছে :

| বিবরণ | টাকা |
|---|---|
| নিট আয় (বিশদ আয় বিবরণী অনুযায়ী) | ২,৮৫,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৩৫,০০০ |
| বন্ড পরিশোধ | ৫৫,০০০ |
| প্রদত্ত ঋণের আসল টাকা আদায় | ৫০,০০০ |
| অন্য কোম্পানিতে বিনিয়োগ | ৪০,০০০ |
| দীর্ঘমেয়াদি বিনিয়োগ বিক্রয় | ৬০,০০০ |
| ভূমি ক্রয় | ৫০,০০০ |
| আসবাবপত্র বিক্রয় | ৭০,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ৬০,০০০ |
| অগ্রিম খরচ হ্রাস | ১০,০০০ |
| প্রদেয় খরচ হ্রাস | ১৫,০০০ |
| অবচয় খরচ | ১০,০০০ |
| মজুদ পণ্য হ্রাস | ২০,০০০ |
| প্রদেয় হিসাব বৃদ্ধি | ২৫,০০০ |
| প্রাপ্য হিসাব বৃদ্ধি | ৩৫,০০০ |

শেয়ার ইস্যু প্রতিটি ১০০ টাকা মূল্যের ২০০০ শেয়ার। প্রতি শেয়ারে ১০ টাকা কের অধিহার যুক্ত করতে হবে।

ক. অর্থসংস্থান কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় কর। ২

খ. পরিচালনা কার্যক্রমের নিট নগদ প্রবাহ নির্ণয় কর। ৪

গ. বিনিয়োগ কার্যক্রম নিট নগদ প্রবাহ নির্ণয় কর। ৪

http://teachingbd.com

সময় : ৪০ মিনিট পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. মুনাফাভোগী অব্যবসায়ী প্রতিষ্ঠান হিসেবে গণ্য—
i. আইনজীবীদের ফার্ম ii. প্রকৌশলীদের ফার্ম
iii. চাটার্ড একাউন্টেন্ট ফার্ম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২. একটি অব্যবসায়ী প্রতিষ্ঠান কোনটি রাখে না?
ক আয়-ব্যয় হিসাব/বিবরণী খ প্রাপ্তি ও পরিশোধ হিসাব
গ সংরক্ষিত আয়ের বিবরণী ঘ আর্থিক অবস্থার বিবরণী

৩. চাঁদা প্রাপ্তি ৩৫,০০০ টাকার মধ্যে বিগত বছরের ১,৫০০ টাকা এবং অগ্রিম ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত। চলতি বছরের চাঁদা বকেয়া রয়েছে ৫,০০০ টাকা। আয়-ব্যয় বিবরণীতে চাঁদা হবে—
ক ৩৬,৫০০ টাকা খ ৩৩,৫০০ টাকা
গ ৩১,৫০০ টাকা ঘ ৩৫,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব শাওন একজন নিরীক্ষক। বছরে নিরীক্ষা ফি বাবদ পেয়েছেন ৪০,০০০ টাকা, উক্ত বছরে বকেয়া আছে ১০,০০০ টাকা এবং এর মধ্যে অগ্রিম বাবদ প্রাপ্তি ১০,০০০ টাকা।

৪. আয়-ব্যয় বিবরণীতে নিরীক্ষা ফি বাবদ কত টাকা দেখাতে হবে?
ক ২০,০০০ টাকা খ ৩০,০০০ টাকা
গ ৪০,০০০ টাকা ঘ ৫০,০০০ টাকা

৫. আর্থিক অবস্থার বিবরণীতে নিরীক্ষা ফি কী হিসাবে আসবে?
ক মালিকানা স্বত্ব হিসাবে খ দায় হিসাবে
গ আয় হিসাবে ঘ ব্যয় হিসাবে

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
ঢাকার অদূরে মুন্সিগঞ্জে রিপন, রাজীব ও রাসেল তিন বন্ধু মিলে চুক্তির ভিত্তিতে একটি পোল্ট্রি ফার্ম চালায়। তাদের ব্যবসায় ভালোই চলে। ব্যবসায় আরও সম্প্রসারণের উদ্দেশ্যে তাদের আরও পুঁজির দরকার হওয়ায় তারা চাকরিজীবী বন্ধু মিন্টুকে সীমিত অংশীদার হিসেবে গ্রহণ করতে চায়। এতে মিন্টুও বেশি খুশি।

৬. মিন্টুর খুশি হওয়ার মুখ্য কারণ—
ক ব্যবসায়ী হিসাবে তার পরিচিতি ঘটবে
খ দায় সীমিত বিধায় পুঁজি হারানোর ভয় নেই
গ দায় সীমিত এবং চুক্তি মোতাবেক লাভ পাবে
ঘ ব্যবসায় অল্প সময় দেয়া লাগবে

৭. মিন্টুকে সীমিত অংশীদার হিসেবে গ্রহণ করার কারণ—
i. নতুন পুঁজি পাওয়া যাবে
ii. সীমিত লাভ দিতে হবে
iii. ব্যবসায় পরিচালনায় সুবিধা হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. যারা অংশীদার হতে পারবে—
i. আর্থিকভাবে স্বচ্ছল ব্যক্তি
ii. দেউলিয়া ব্যক্তি
iii. প্রাপ্ত বয়স্ক ও সুস্থ মস্তিষ্ক সম্পন্ন ব্যক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. বাহিরের প্রতিষ্ঠানের সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়কে পরিচালন কার্যাবলি হিসেবে গণ্য করার কারণ হলো—
i. এ ক্রয়-বিক্রয়ের মাধ্যমেই ব্যবসায়ের রাজস্ব আদায় হয়
ii. সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় হলো ব্যবসায়ের প্রধান ও মৌলিক কাজ
iii. সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের কাজটি পৌণ-পুনিকভাবে সম্পন্ন হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. কীভাবে বিনিয়োগ কার্যক্রম হতে নগদ অর্থ হ্রাস পায়?
ক যন্ত্রপাতি বিক্রয় খ আসবাবপত্র ক্রয়
গ জমি বিক্রয় ঘ পণ্য ক্রয়

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
লিমা লিমিটেডের নিট আয় ৪০,০০০ টাকা, প্রারম্ভিক সংরক্ষিত তহবিল ১,৬৫,০০০ টাকা ও সমাপনী সংরক্ষিত তহবিল, ১,৪৫,০০০ টাকা। বিক্রীত যন্ত্রপাতির অবচয় ৫,০০০ টাকা, প্রারম্ভিক পুঞ্জিভূত অবচয় ২০,০০০ টাকা এবং সমাপনী পুঞ্জিভূত অবচয় ৩০,০০০ টাকা।

১১. প্রতিষ্ঠানের অবচয়ের পরিমাণ কত?
ক ১০,০০০ টাকা খ ১৫,০০০ টাকা
গ ৩৫,০০০ টাকা ঘ ৫৫,০০০ টাকা

১২. প্রতিষ্ঠানের অফিস বিল্ডিং বন্ধক রেখে ব্যাংক থেকে ঋণ নেয়া হলো ১,০০,০০,০০০ টাকা। এটি নগদ প্রবাহ বিবরণীর কোথায় যাবে?
ক পরিচালন কার্যাবলিতে খ অর্থায়ন কার্যাবলিতে
গ বিনিয়োগ কার্যাবলিতে ঘ অপরিচালন কার্যাবলিতে

১৩. কোম্পানির অভ্যন্তরীণ কার্য পরিচালনা সংক্রান্ত নিয়মকানুন কোথায় লেখা থাকে?
ক কার্যারম্ভের অনুমতি পত্রে খ স্মারকলিপিতে
গ পরিমেল নিয়মাবলিতে ঘ নিবন্ধন ফরমে

১৪. যৌথ মূলধনী কারবারের মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র এককই—
ক শেয়ার খ ঋণপত্র
গ বিনিময় বিল ঘ স্মরকলিপি

১৫. কোম্পানির মূলধন জাতীয় ক্ষতি কোনটি?
i. শেয়ার অধিহার ii. শেয়ার অবহার
iii. শেয়ার বাট্টা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ iii

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:
মি. রহমান এবং তার কয়েকজন বন্ধু মিলে একটি বৃহদায়তন কারবার প্রতিষ্ঠান প্রতিষ্ঠার উদ্যোগ নিলেন। তারা ভেবে দেখলেন যে এতে পর্যাপ্ত পরিমাণ মূলধন প্রয়োজন কিন্তু তাদের পক্ষে এ বিশাল পরিমাণের মূলধন সরবরাহ করা সম্ভব নয়। কোম্পানি আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে তারা প্রতিষ্ঠানটি গড়ে তোলেন।

১৬. কোম্পানির মূলধন সংগ্রহের প্রধান উৎস কোনটি?
ক ঋণপত্র খ বিনিময় বিল
গ ব্যবসায়িক ঋণ ঘ শেয়ার

১৭. শেয়ার অধিহারের ইস্যুর ফলে কোম্পানির—
i. সঞ্চিতি ও উদ্বৃত্ত বৃদ্ধি পাবে
ii. মূলধনী আয় বৃদ্ধি পাবে
iii. কোম্পানির স্বত্ব প্রভাবিত হবে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. কোনটি দায় নয়?
ক অনুপার্জিত আয় খ প্রদেয় হিসাব
গ অগ্রিম প্রদত্ত ব্যয় ঘ প্রদেয় ব্যয়

১৯. হিসাব বছরের মোট আয় থেকে মোট নিট আয় নির্ণয় করা হয় কোন নীতি অনুসরণ করে?
ক বকেয়া আয়-ব্যয় নীতি খ হিসাবকাল নীতি
গ সামঞ্জস্য নীতি ঘ মিলকরণ নীতি

২০. আর্থিক বিবরণী প্রস্তুতের পূর্বে যদি হিসাবের সমন্বয় না করা হয়, তাহলে আয়ের উপর কীরূপ প্রভাব পড়বে?
ক নিট আয় বাড়বে খ নিট আয় কমবে
গ মোট আয় বাড়বে
ঘ নিট আয় বাড়তে বা কমতে পারে

২১. বিক্রয়কারীর নিকট ভ্যাট কী হিসাবে কাজ করে?
ক দায় খ সম্পদ গ আয় ঘ ব্যয়

২২. কোম্পানি আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়—
i. ব্যবসায়ের কার্যফল জানার জন্য
ii. ব্যবসায়ের আর্থিক অবস্থা জানার জন্য
iii. প্রতিযোগিতায় টিকে থাকার জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:
PQ লি. কোম্পানির ইস্যুকৃত শেয়ার ১,০০,০০০ বিলিকৃত ৫,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যের। শেয়ার প্রতি ১ টাকা লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

২৩. ঘোষণাকৃত লভ্যাংশের হার কত?
ক ১০% খ ১১% গ ১২% ঘ ১২$^1/_2$%

২৪. ঘোষণাকৃত লভ্যাংশ প্রদর্শিত হবে—
i. সংরক্ষিত আয় বিবরণীতে বাদ
ii. সংরক্ষিত আয় বিবরণীতে যোগ
iii. আর্থিক অবস্থার বিবরণীতে দায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. কোনটি ব্যতীত সবগুলোই দীর্ঘমেয়াদি দায়?
ক প্রদেয় বন্ধকী ঋণ খ প্রদেয় বণ্ড
গ দীর্ঘমেয়াদি ঋণ ঘ প্রদেয় হিসাব

২৬. কোনটি তারল্য অনুপাতের অন্তর্ভুক্ত নয়?
ক চলতি অনুপাত খ দ্রুত অনুপাত
গ মোট মুনাফার হার ঘ চলতি মূলধন অনুপাত

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
সামি কোম্পানি লিমিটেড আর্থিক বিবরণীর বিভিন্ন উপাদানসমূহের দুটি প্রাসজ্গিক বিষয়ের তুলনামূলক সংখ্যাত্বক পর্যালোচনার ভিত্তিতে হিসাব অনুপাতসমূহ নির্ণয় করে থাকেন। উক্ত প্রতিষ্ঠান হিসাব অনুপাতসমূহ বিভিন্নভাবে প্রকাশ করে থাকে। যেমন: চলতি অনুপাত = ২ ঃ ১; মজুদ আবর্তন অনুপাত = ৮ বার; মোট লাভ অনুপাত = ৩০%।

২৭. সামি কোম্পানি লিমিটেডের খাঁটি অনুপাত বা স্বাভাবিক অনুপাত কোনটি?
ক মজুদ আবর্তন অনুপাত = ৮ বার
খ চলতি অনুপাত = ২ ঃ ১
গ মোট লাভ অনুপাত = ৩০%
ঘ দেনাদার আবর্তন অনুপাত = ৪ বার

২৮. উক্ত কোম্পানির একজন হিসাবরক্ষক আর্থিক বিবরণী তৈরির পাশাপাশি আর্থিক বিবরণী বিশ্লেষণও করেন। তিনি অন্যান্য অনুপাতের সাথে প্রতিষ্ঠানের তারল্য অনুপাত নির্ণয় করলেন, যা থেকে জানা যাবে—
i. প্রতিষ্ঠানের চলতি দায় দেনার পরিমাণ
ii. প্রতিষ্ঠানের ত্বরিৎ দায় দেনার পরিমাণ
iii. প্রতিষ্ঠানের কার্যকরি মূলধনের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. অষ্টাদশ শতাব্দীর কত সালে উৎপাদন ব্যয় হিসাবের প্রাথমিক উন্নতি ঘটে?
ক ১৮০৫ সালে খ ১৮৯০ সালে
গ ১৮৬৫ সালে ঘ ১৮১০ সালে

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:
একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে মিজান ও মেহেদি দু'জন কর্মচারী। তাদের বেতন সম্পর্কিত তথ্য নিম্নর্কিত তথ্য নিম্নরূপ:

| | মিজান | মেহেদি |
|---|---|---|
| মূল বেতন | ২৫,০০০ | ৩০,০০০ |
| বাড়ি ভাড়া ভাতা | ৮,০০০ | ১০,০০০ |
| যাতায়াত ভাতা | ৫,০০০ | ৮,০০০ |
| টিফিন বাবদ কর্তন | ৫০০ | ৭০০ |
| ভবিষ্যৎ তহবিল চাঁদা | ১,২০০ | ১,৫০০ |

৩০. মিজানের মোট কর্তনের পরিমাণ কত?
ক ৭,১০০ টাকা খ ১,৭০০ টাকা
গ ২,২০০ টাকা ঘ ৭,২০০ টাকা

৩১. বেতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে জাবেদায় ডেবিট হবে—
ক বেতন হিসাব খ প্রদেয় বেতন হিসাব
গ নগদান হিসাব ঘ ব্যাংক হিসাব

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:
তালুকদার কোম্পানি লিমিটেড-এর রেওয়ামিলে শেয়ার মূলধন ৪,০০,০০০ টাকা ছিল। শেয়ার মূলধনের উপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৫ বছর পূর্বে কোম্পানির বিরুদ্ধে জনৈক শেয়ারহোল্ডার ৫০,০০০ টাকা ক্ষতিপূরণ দাবির মামলায় চলতি বছর হিসাবকালের শেষ দিন আদালত ৩০,০০০ টাকা পরিশোধের নির্দেশ দেন।

৩২. ঘোষণাকৃত লভ্যাংশ কত টাকা?
ক ২০,০০০ টাকা খ ৩৮,০০০ টাকা
গ ৪০,০০০ টাকা ঘ ৯০,০০০ টাকা

৩৩. মামলার বিষয়টি তালুকদার কোম্পানি লিমিটেড-এর আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব ফেলবে?
ক সম্পদ ও দায়ের ওপর কোন প্রভাব পড়বে না
খ সম্পদ হ্রাস পাবে ৩০,০০০ টাকা এবং দায় হ্রাস পাবে ৩০,০০০ টাকা
গ দায় বৃদ্ধি পাবে ৩০,০০০ টাকা এবং শেয়ারহোল্ডারদের স্বত্ব হ্রাস পাবে ৩০,০০০ টাকা
ঘ দায় বৃদ্ধি পাবে ৫০,০০০ টাকা এবং শেয়ারহোল্ডারদের স্বত্ব হ্রাস পাবে ৫০,০০০ টাকা

৩৪. আর্থিক সুবিধা হলো—
i. গ্রাচ্যুইটি বা আনুতোষিক ii. দুর্ঘটনার ক্ষতিপূরণ
iii. বিনোদন ভাতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. শ্রম ও উপরিব্যয়ের সমষ্টিকে কী ব্যয় বলে?
ক নির্গত ব্যয় খ পার্থক্যমূলক ব্যয়
গ সুযোগ ব্যয় ঘ রূপান্তর ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:
জনি ট্রেডার্সের তার ব্যবসায়ের জন্য উৎপাদন ব্যয় বিবরণী তৈরি করেন। তার ব্যবসায়ের ২০১২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যগুলো ছিল নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ১৫,০০০ |
| বাহিঃপরিবহন | ৪,০০০ |
| কারিগরি পরিচালকের ফি | ৬,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ২০,০০০ |
| বিক্রয় | ২,০০,০০০ |

৩৬. জনি ট্রেডার্সের ব্যবসায়ের মুখ্য ব্যয় কত?
ক ৫০,০০০ টাকা খ ৬০,০০০ টাকা
গ ৭৫,০০০ টাকা ঘ ৭৯,০০০ টাকা

৩৭. যদি জনি ট্রেডার্স বিক্রয়মূল্যের ওপর ৩০% লাভ ধরে পণ্য বিক্রয়ের করে তাহলে উৎপাদন ব্যয় বিবরণীতে প্রভাবিত হয়—
i. মোট ব্যয় অপরিবর্তিত থাকবে
ii. বিক্রয় বৃদ্ধি পাবে
iii. মুনাফা হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান আধুনিককালে স্বীকৃতি লাভ করে কত সালে?
ক ১৯০০ সালে খ ১৯৩০ সালে
গ ১৯৫০ সালে ঘ ১৯৬০ সালে

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:
যমুনা টিউবওয়েল বাংলাদেশে দীর্ঘদিন ব্যবসা পরিচালনা করে আসছে। টিউবওয়েল উৎপাদনে তাদের সুনাম রয়েছে। বর্তমানে প্রতিটি টিউবওয়েল উৎপাদন খরচ হয় ২,০০০ টাকা এবং প্রতিটি টিউবওয়েল তারা ৩,০০০ টাকা বিক্রি করে। টিউবওয়েল উৎপাদনে ১০,০০,০০০ টাকা স্থির ব্যয় হবে।

৩৯. কতটি টিউবওয়েল বিক্রি করলে ব্রেক ইভেনে পৌছাবে?
ক ৫০০ খ ১,০০০
গ ১০,০০০ ঘ ১,০০,০০০

৪০. ব্রেই-ইভেন পয়েন্টে—
i. আয়-ব্যয় সমান হয়
ii. সুদ ও করপূর্ণ আয় শূন্য হয়
iii. সুদ ও কর পরবর্তী আয় শূন্য হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii